কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q1

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪৩ সংখ্যা ৯ কলকাতা বুধবার, ২১ সেপ্টেম্বর ২০২২/১ ৪ আশ্বিন ১৪২৯ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

আরও চাকরির খবর ভেতরের পাতায়

# গ্র্যাজুয়েট যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে ২০০০০ অফিসার, অ্যাসিস্ট্যান্ট ও ক্লার্ক

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে প্রায় ২০,০০০ গ্র্যাজুয়েট তরুণ-তরুণী নেওয়া হবে। অফিসার, অ্যাসিস্ট্যান্ট, অপার ডিভিশন ক্লার্ক-সহ বিবিধ পদে নিয়োগ হবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০২২'-এর মাধ্যমে। তিনটি পর্যায়ে প্রার্থী বাছাই পরীক্ষা হবে— কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১ ও টিয়ার-২) এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট/স্কিল টেস্ট।

## কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০২২

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১) হবে ডিসেম্বরে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

নিয়োগ হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ, অফিস ও কাডারে এইসব গ্রুপ 'বি' ও 'সি' পদে (বন্ধনীতে দপ্তর): গ্রুপ 'বি'— অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (ইন্টেলিজেন্স ব্যুরো), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব রেলওয়ে), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (এয়ারফোর্স হেডকোয়ার্টার্স),

এরপর ছয়ের পাতায়

# মাজাগন ডকে ১০২৫

## কম্পোজিট ওয়েল্ডার, কার্পেন্টার, ইলেক্ট্রিশিয়ান ও অন্যান্য

কম্পোজিট ওয়েল্ডার; কার্পেন্টার, ইলেক্ট্রিশিয়ান-সহ বিভিন্ন পদে ১,০২৫ জন কর্মী নিয়োগ করবে মাজাগন ডক শিপবিল্ডার্স। এটি ভারত সরকারের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ২ বছর বাড়াতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: MDL/HR-REC-NE/95/2022.

**শূন্যপদের বিবরণ: স্কিল্ড-১ (আই ডি-ফাইভ): এ সি রেফ্রিজারেশন মেকানিক:** ৪টি (সাধারণ ২, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট এক্সামিনেশন পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**কম্প্রেসর অ্যাটেন্ড্যান্ট:** ৬টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: মিলরাইট মেকানিক বা মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স ট্রেডে

এরপর তিনের পাতায়

কলকাতার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে

# ১৮৬ স্টাফ নার্স

১৮৬ জন স্টাফ নার্স নেবে কলকাতা পুরসভা। ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে চুক্তিতে নিয়োগ করা হবে কলকাতা শহরের আর্বান প্রাইমারি হেলথ সেন্টারগুলিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 04/Kolkata City NUHM Society/2022-23.

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৮৫, তফসিলি জাতি ৩৭, তফসিলি উপজাতি ১০, ও বি সি-এ ১৭, ও বি সি-বি ১২, সাধারণ-

এরপর চারের পাতায়

# কলকাতা পুরসভায় ডাক্তার

৬৭ জন ডাক্তার নেবে কলকাতা পুরসভা। ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে আংশিক সময়ের জন্য চুক্তিতে নিয়োগ করা হবে বিভিন্ন আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২৩ সেপ্টেম্বর। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 05/Kolkata City NUHM Society/2022-23.

**শিক্ষাগত যোগ্যতা:** মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এম বি বি এস ডিগ্রি-সহ ১ বছরের কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। পাশাপাশি, ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ১-৯-২০২২ তারিখে ৬২ বছরের মধ্যে হতে হবে।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ২৪,০০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kmcgov.in

ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবেন **এই সব নথি:** ✓প্রার্থীর এক কপি ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে তার উপর সই করে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓সচিত্র পরিচয়পত্র

এরপর দুয়ের পাতায়

ইউ পি এস সি-র ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে

# কেন্দ্রীয় সরকারে ৩২৭ ইঞ্জিনিয়ার

৩২৭ জন ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সার্ভিস ও সংস্থার বিভিন্ন পদে। সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন, ২০২৩' পরীক্ষার মাধ্যমে। **পরীক্ষা ১৯ ফেব্রুয়ারি।** তফসিলি এবং ও বি সিদের জন্য সরকারি নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত হবে। দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য ১১টি শূন্যপদ সংরক্ষিত হবে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। অথবা ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর সেকশন 'এ', 'বি' পাশ। অথবা ইনস্টিটিউশন অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া)-এর গ্র্যাজুয়েট মেম্বারশিপ পরীক্ষায় পাশ। অথবা অ্যারোনটিক্যাল সোসাইটি অব ইন্ডিয়ার অ্যাসোসিয়েট

এরপর চারের পাতায়

# রাম লাল আনন্দ কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

বিভিন্ন বিভাগে ৭৩ জন অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে রাম লাল আনন্দ কলেজ। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি কলেজ। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ET-1/2022/01.

**বিষয় অনুসারে শূন্যপদ:** কমার্স: ১২টি। কম্পিউটার সায়েন্স: ৭টি। ইকনমিক্স: ৪টি। ইংলিশ: ২টি। জিওলজি: ৬টি। হিন্দি: ৭টি। হিস্ট্রি: ১টি। মাইক্রোবায়োলজি: ৫টি। পলিটিক্যাল সায়েন্স: ৮টি। স্ট্যাটিস্টিক্স: ৪টি। ফিজিক্যাল এডুকেশন: ১টি। ব্যাচেলর অব ম্যানেজমেন্ট স্টাডিজ: ৬টি। এনভায়রনমেন্টাল স্টাডিজ: ২টি। ম্যাথমেটিক্স: ৮টি।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত ভারতীয় বা বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে ইউ জি সি বা সি এস আই আর নেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

**বেতন:** ৫৭,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত

এরপর দুয়ের পাতায়

গুয়াহাটি এইমসে

# ডাক্তার

৪০ জন জুনিয়র রেসিডেন্ট (নন-অ্যাকাডেমিক) নেবে গুয়াহাটি এইমস (অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। ৬ মাস করে তিনটি পর্বে সর্বাধিক দেড় বছরের চুক্তিতে প্রার্থীদের নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের তারিখ এখনও জানানো হয়নি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2-14/2021-22/AIIMS/GHY/ESTT/RECRUITMENT(SR)/512.

এরপর চারের পাতায়

# ভারত হেভি ইলেক্ট্রিক্যালসে ১৫০ ট্রেনি ইঞ্জিনিয়ার ও এক্সিকিউটিভ

১৫০ জন ট্রেনি ইঞ্জিনিয়ার ও ট্রেনি এক্সিকিউটিভ নেবে ভারত হেভি ইলেক্ট্রিক্যালস। ট্রেনি ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে বিভিন্ন শাখায়। প্রথমে ১ বছরের ট্রেনিং। সফল প্রশিক্ষণ শেষে সংশ্লিষ্ট সংস্থায় চাকরির সুযোগ আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 01/2022.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: ইঞ্জিনিয়ার ট্রেনি:** সিভিল ৪০টি (সাধারণ ১৬,তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। মেকানিক্যাল ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। আই টি/কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। ইলেক্ট্রিক্যাল ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। কেমিক্যাল ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মেটালার্জি ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। অথবা ৫ বছরের ইন্টিগ্রেটেড স্নাতকোত্তর ডিগ্রি বা ডুয়াল ডিগ্রি কোর্স পাশ।

**বয়স:** ১-৯-২০২২ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। ইঞ্জিনিয়ারিং বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা ম্যানেজমেন্টে ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েশন করে থাকলে বয়সের ঊর্ধ্বসীমা ২৯ বছর।

**এক্সিকিউটিভ ট্রেনি:** ফিনান্স: ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬,

এরপর চারের পাতায়

2022 SESSION
ADMISSIONS OPEN

AMITY
UNIVERSITY
KOLKATA

B.A. (HONS.)-
GERMAN/FRENCH



AMITY KOLKATA EDGE

Advanced Foreign Language Lab with Eurotalk Software

Students have been selected for higher studies in University of Roehampton UK, Antwerp Mgmt. School Begium...

Faculty with rich industry experience

Fully air-conditioned campus

Flexible credit system to help students choose from a basket of credit courses

Amity University Kolkata, Major Arterial Road, Action Area II, Rajarhat, New Town, Kolkata
Toll Free: 1800-102-3320 | admissions@kol.amity.edu | www.amity.edu/kolkata

# মাজাগন ডকে ১০২৫

*প্রথম পাতার পর*

ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ব্রাস ফিনিশার:** ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় ব্রাস ফিনিশার বা মেশিনিস্ট হিসেবে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**চিপার গ্রাইন্ডার:** ২০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় চিপার গ্রাইন্ডার হিসেবে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**কার্পেন্টার:** ৩৮টি (সাধারণ ২১, তফসিলি উপজাতি ৬, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। শিক্ষাগত যোগ্যতা: কার্পেন্টার বা শিপরাইট (উড) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট এক্সামিনেশন পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**কম্পোজিট ওয়েল্ডার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ওয়েল্ডার অথবা ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) বা টিগ অ্যান্ড মিগ ওয়েল্ডার বা স্ট্রাকচারাল ওয়েল্ডার বা ওয়েল্ডার (পাইপ অ্যান্ড প্রেশার ভেসেলস) বা অ্যাডভান্স ওয়েল্ডার বা গ্যাস কাটারের মধ্যে যে-কোনও একটি ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট এক্সামিনেশন পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ডিজেল ক্রেন অপারেটর:** ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ডিজেল মেকানিক ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট এক্সামিনেশন পাশ করে থাকতে হবে। পাশাপাশি, বৈধ হেভি ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ডিজেল-কাম-মোটর মেকানিক:** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ৪)। শিক্ষাগত যোগ্যতা: ডিজেল মেকানিক বা মোটর ভেহিক্যল মেকানিক বা মেকানিক ডিজেল বা মেকানিক (মেরিন ডিজেল) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

**ইলেক্ট্রিক ক্রেন অপারেটর:** ৩৪টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**ইলেক্ট্রিশিয়ান:** ১৪০টি (সাধারণ ৫৬, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ১৫, ও বি সি ৪২, আর্থিক ভাবে অনগ্রসর ১৪)। **ইলেক্ট্রনিক মেকানিক:** ৪৫টি (তফসিলি জাতি ১৫, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৬, ও বি সি ১৪, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **ফিটার:** ২১৭টি (সাধারণ ৮১, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ২৩, ও বি সি ৬৬, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। শিক্ষাগত যোগ্যতা: সব ক'টি পদের ক্ষেত্রেই সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। ফিটার ট্রেডের ক্ষেত্রে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**গ্যাস কাটার:** ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ২)। শিক্ষাগত যোগ্যতা: স্ট্রাকচারাল ফিটার বা ফ্যাব্রিকেটর বা কম্পোজিট ওয়েল্ডার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**মেশিনিস্ট:** ১১টি (সাধারণ ৮, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মেশিনিস্ট বা মেশিনিস্ট (গ্রাইন্ডার) ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**মিলরাইট মেকানিক:** ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মিল রাইট মেকানিক বা মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে।

**পেইন্টার:** ১৫টি (তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। শিক্ষাগত যোগ্যতা: পেইন্টার ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**পাইপ ফিটার:** ৮২টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৩, ও

*এরপর ছয়ের পাতায়*

---

**SBI**

ভারতীয় স্টেট ব্যাঙ্ক
কেন্দ্রীয় নিয়োগ ও পদোন্নতি দপ্তর
কর্পোরেট সেন্টার, মুম্বাই
(বিজ্ঞাপন নম্বর CRPD/CR/2022-23/15)

**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (এসবিআই) তার ক্লারিক্যাল ক্যাডার এর জন্য জুনিয়র অ্যাসোসিয়েটস (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস) নিয়োগ করছে**

এসবিআই-তে ক্লারিক্যাল ক্যাডারে জুনিয়র অ্যাসোসিয়েটস (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস) নিয়োগের জন্য ভারতীয় নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

**শূন্যপদ: 5212 (এসসি, এসটি এবং ওবিসি-এর জন্য 204টি ব্যাকলগ শূন্যপদ সহ)।**

শূন্যপদ এর বিস্তারিত তথ্য, যোগ্যতার মানদণ্ড, নিয়ম ও শর্তাবলী এবং অনলাইনে আবেদনের সম্পর্কে জানার জন্য অনুগ্রহ করে ব্যাঙ্কের ওয়েবসাইট https://www.sbi.co.in/careers বা https://bank.sbi/careers- **"Latest Announcement/Current Openings"** -এ দেখুন। সেখানে প্রদত্ত লিঙ্কের মাধ্যমে, প্রার্থীরা তাদের আবেদন রেজিস্টার করতে পারেন।

- আবেদনের অনলাইন রেজিস্ট্রেসান এবং ফি প্রদান: 07.09.2022 থেকে 27.09.2022 পর্যন্ত করা যাবে
- অনলাইন প্রিলিমিনারি পরীক্ষার তারিখ (সম্ভাব্য): নভেম্বর 2022 এর বিভিন্ন তারিখে হবে
- অনলাইন মূল পরীক্ষার তারিখ (সম্ভাব্য): ডিসেম্বর 2022 / জানুয়ারি 2023 এ

**স্থান:** মুম্বাই
**তারিখ:** 07.09.2022

**জেনারাল ম্যানেজার (আরপি এবং পিএম)**

---

**স্টীল अथॉरिटी ऑफ इण्डिया लिमिटेड**
**STEEL AUTHORITY OF INDIA LIMITED**
**दुर्गापुर इस्पात संयंत्र**
**DURGAPUR STEEL PLANT**

অ্যাডভাঃ নং ডিএসপি/পিইআরএস-এনডব্লু/আরইসিটিটি/সিওএনটি_ডিওসি_১/২০২২/২৩৮৩
তারিখ: ১৭.০৯.২০২২

দুর্গাপুর স্টিল প্ল্যান্ট (ডিএসপি) কর্তৃক ডিএসপি-তে জিডিএমও এবং স্পেশালিস্টস (চেস্ট মেডিসিন: ১, ব্লাড ব্যাঙ্ক: ১, অবস্টেঃ অ্যান্ড গাইনিঃ- ১, পিডিয়াট্রিক্স- ২, রেডিওলজি- ১) হিসাবে উল্লিখিত মেডিক্যাল ডিসিপ্লিনে চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগের জন্য **১৩-১৪ অক্টোবর, ২০২২ তারিখ সকাল ১০.০০টা থেকে বেলা ১.০০টা পর্যন্ত** সরাসরি সাক্ষাৎকারের নিমিত্ত মেডিক্যাল ডিসিপ্লিনে আগ্রহী যোগ্যতাসম্পন্ন ডাক্তারদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

নির্ধারিত ফর্ম্যাটে পূরণ-করা দরখাস্তের একটি অগ্রিম কপি সর্বশেষ ১২.১০.২০২২ তারিখের মধ্যে "ENGAGEMENT OF DOCTORS IN MEDICAL DISCIPLINES ON CONTRACT BASIS AT DSP-2022" কথাগুলো subject line-এ লিখে **rectt.dsp@sail.in**-তে পাঠাতে পারেন।

বিস্তারিত বিবরণ এবং দরখাস্তের ফরম্যাট ও অঙ্গীকার-এর জন্য দেখুন আমাদের ওয়েবসাইট **www.sail.co.in**-তে "Careers"।

রেজিস্টার্ড অফিস: ইস্পাত ভবন, লোদি রোড, নয়াদিল্লি ১১০০০৩

*সবার জীবনের সঙ্গে জুড়ে আছে সেল*

---

# Bengal School of Technology

Approved by : Pharmacy Council of India, New Delhi & All India Council for Technical Education, New Delhi.
Accredited by : NAAC, Accredited by NBA for B. Pharm.
Estd : 2006

Sugandha, Delhi Road, Near Chinsurah Railway Station, Dist.- Hooghly - 712 102, West Bengal.

**RECRUITMENT NOTIFICATION**
**Advt. No. BST/Advt/2022/002**

**Applications are invited for the post of :**

- **Professor** - Pharmaceutical Sciences
- **Associate Professor** - Pharmaceutical Sciences
- **Assistant Professor** - Pharmaceutical Sciences
- **Training & Placement Officer**
- **Laboratory Technicians**
- **Laboratory Assistants**

Interested & eligible candidates can mail their CV immediately by email to **principal@bstpharmacy.in** within ten days of this notification.

Sd/-
Principal

---

# HALDIA LAW COLLEGE

(An Institute of ICARE)
*Approved by* : **Bar Council of India**
*Affiliated to* : **Vidyasagar University**
Knowledge City, ICARE Complex, P.O. Hatiberia, Haldia. Dist. Purba Medinipur - 721 657.

## PRINCIPAL REQUIRED

**Applications along with all credentials are invited through E-mail (icare_haldia@rediffmail.com) within 15 days from the date of publication of this advertisement for the post of Principal of Haldia Law College conducting 5 yrs. BA LL.B, LL.B. and LL.M. Courses.**

**Qualifications:** LL.M. (Min. 55% Marks) and Ph.D. in Law from a reputed University, having publications.

**Experience :** 10 years teaching experience. Knowledge of NAAC accreditation process.

**Salary and perks are negotiable and will not be a constraint for the right candidate.**

**Retired persons with higher qualifications & experiences may also apply. However, the age should not exceed 62 years.**

Date : 13.09.2022 Secretary

---

# DEWAR'S GARAGE LTD.



An authorized dealer of **MARUTI SUZUKI**, with multiple outlets in Kolkata is looking to **HIRE**



**SALES EXECUTIVES** : Candidates from industries like Automobile, Two Wheeler, Insurance, Retail, FMCG, Telecom, Real Estate, Pharma Sales are preferred. Freshers may also apply.
**Earning potential per month : 20K – 35K**
**Qualification** : Graduate / Diploma, Gender : Any, Age Limit : 35 years.

**SERVICE ADVISORS** : Candidates with 5 years of experience in automobile workshop of which 2 years as a service advisor.
**Earning potential per month : 15K – 35K**
**Qualification** : Diploma / ITI, Gender : Any, Age Limit : 40 years.


**TELE CALLERS** : Having 2 years of experience in Tele Calling.
**Earning potential per month : 12K – 19K**
**Qualification** : Graduate, Gender : Any, Age Limit : 35 years.

**Job Locations : MICHAEL NAGAR • SALT LAKE SEC-V • DALHOUSIE • TARATALA • TOPSIA • UTTARPARA**

Walk-in Interview : 21.09.2022 to 23.09.2022, between - 11 AM to 3 PM, at Dewars Garage Ltd. Taratala (P27/2, Taratala Road, near Britannia Company, CPT Colony, Kolkata, West Bengal 700088) or Mail your CV to seniormanager.hrd@dewarsgarage.com, Contact No. : 9038456065 / 9831767657 / 7003269848

---

**IndianOil**



## ইণ্ডিয়ানঅয়েলে যোগ দিন - নিজের কেরিয়ারকে নিয়ে যান নতুন উচ্চতায়

**ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশন উৎসাহী এবং নিবেদিত গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ারদের খোঁজ করছে GATE 2023-র মাধ্যমে তাদের সংস্থায় নিম্নোক্ত ক্ষেত্রে যোগ দিতে:**

| | | |
|---|---|---|
| কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং (CH) | সিভিল ইঞ্জিনিয়ারিং (CE) | কম্পিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং (CS) |
| ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (EE) | ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং (IN) | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ME) |

GATE 2023-র জন্য পরীক্ষা দেওয়া ছাড়াও, প্রার্থীদের আলাদা ভাবে IOCL-র অনলাইন পোর্টালেও আবেদন করতে হবে যা GATE 2023-র ফল প্রকাশ হওয়ার পর লাইভ হবে। এই নিয়োগ সম্পর্কে সাম্প্রতিক খবর জানতে নিচের লিঙ্কটিতে দেখুন।

বিশদ তথ্য পেতে এই কিউআর কোডটি স্ক্যান করুন অথবা ইণ্ডিয়ান অয়েলের ক্যারিয়ার বিভাগটি দেখুন
***https://www.iocl.com/latest-job-opening***

www.iocl.com Follow us on: /IndianOilCorpLimited /IndianOilcl /indianoilcorporationlimited /indianoilcorp

# ইন্ডিয়ান অয়েলে গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার

বেশ কিছু গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার নেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। নিয়োগ করা হবে ইঞ্জিনিয়ারিংয়ের এই সব শাখায়: কম্পিউটার সায়েন্স, কেমিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন এবং মেকানিক্যাল।

প্রার্থী বাছাই করা হবে ২০২৩-এর গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং (গেট) পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। গেট পরীক্ষার ফল প্রকাশের পর সংশ্লিষ্ট সংস্থায় নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হবে।

আগ্রহী প্রার্থীদের জন্য এই খবর জানানো হল। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.iocl.com

# এন টি পি সি-তে ট্রেনি ইঞ্জিনিয়ারিং এক্সিকিউটিভ

বেশ কিছু ট্রেনি ইঞ্জিনিয়ারিং এক্সিকিউটিভ নেবে এন টি পি সি। নিয়োগ করা হবে ইঞ্জিনিয়ারিংয়ের এই সব শাখায়: সিভিল, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স ও মাইনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 22/22.

প্রার্থী বাছাই করা হবে ২০২৩-এর গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং (গেট) পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। গেট পরীক্ষার ফল প্রকাশের পর সংশ্লিষ্ট সংস্থায় নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হবে।

আগ্রহী প্রার্থীদের জন্য এই খবর জানানো হল। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ntpc.co.in

# ভারত হেভি ইলেক্ট্রিক্যালসে ১৫০

*প্রথম পাতার পর*

আর্থিক ভাবে অনগ্রসর ২)। হিউম্যান রিসোর্স: ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিনান্সের ক্ষেত্রে স্নাতক। সেই সঙ্গে কস্ট অ্যান্ড ওয়ার্কস অ্যাকাউন্ট্যান্সি বা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি পাশ।

হিউম্যান রিসোর্সের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সেই সঙ্গে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা সোশ্যাল ওয়ার্কে ২ বছরের স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা অথবা এম বি এ। এম বি এ এবং সোশ্যাল ওয়ার্কে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে স্নাতকোত্তরের চূড়ান্ত বর্ষে অন্যতম বিষয় হিসেবে পার্সোনেল ম্যানেজমেন্ট বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বা লেবর ওয়েলফেয়ার পড়ে থাকতে হবে।

**বয়স:** ১-৯-২০২২ তারিখে ২৯ বছরের মধ্যে হতে হবে।

নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৬০,০০০-১,৮০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। ট্রেনি পদের ক্ষেত্রে ৫০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ৩১ অক্টোবর, ১ ও ২ নভেম্বর।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.bhel.in দরখাস্তের শেষ তারিখ ৩ অক্টোবর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ৮০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে শুধু প্রসেসিং ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# চাকরি ও স্বনিযুক্তির উপযোগী ৪ প্রশিক্ষণ

ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কমিশনের সঙ্গে যৌথ উদ্যোগে এম এন জি অ্যাকাডেমির বিভিন্ন কেন্দ্রে চাকরি ও স্বনিযুক্তির উপযোগী চারটি প্রশিক্ষণ কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে। এম এন জি অ্যাকাডেমি ভারত সরকারের নীতি আয়োগ কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান এবং পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধি বিভাগের প্রশিক্ষণ সহযোগী।

প্রশিক্ষণ হবে দেওয়া হবে জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট (জিডিএ), ফুড অ্যান্ড বেভারেজ স্টুয়ার্ড, ব্রাইডাল অ্যান্ড মেকআপ আর্টিস্ট ও ফ্লেবটমি কোর্সে। অন্তত মাধ্যমিক পাশ হলে প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাবে। বয়স হতে হবে অন্তত ১৮ বছর। পুরুষ-মহিলা উভইয়েই যে-কোনও কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন।

প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রশিক্ষিতদের চাকরির ব্যাপারে সহায়তা করা হবে এবং ব্যবসায় আগ্রহীদেরও প্রয়োজনীয় তথ্য-পরামর্শ দিয়ে সহায়তা করা হবে।

কেন্দ্র ও কোর্স অনুসারে মেয়াদ ও ফি: **গোলপার্ক কেন্দ্র:** জেনারেল ডিউটি অ্যাসিস্ট্যান্ট (জিডিএ), ১ বছরের কোর্স। ফি: ২৫,৮৫০ টাকা। ফুড অ্যান্ড বেভারেজ, ৪ মাসের প্রশিক্ষণ ফি: ১৩,২০০ টাকা। ব্রাইডাল মেকআপ আর্টিস্ট, ৩ মাস ২০ দিনের প্রশিক্ষণ। ফি: ১৪,০০০ টাকা। ঠিকানা: ১৩৪/১, সাদার্ন অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০২৯। ফোন: ৮১০০৭-৬৫৪৭৯।

**বর্ধমান কেন্দ্র:** ব্রাইডাল মেকআপ আর্টিস্ট, ৩ মাস ২০ দিনের প্রশিক্ষণ। ফি: ১১,২০০ টাকা। ঠিকানা: ৩৪: পার্কাস রোড, পূর্ব বর্ধমান-৭১৩ ১০১। ফোন: ৮১০০৭-৬৫৪৭৪।

**চুঁচুড়া কেন্দ্র:** ফ্লেবটমি, ৬ মাসের কোর্স। ফি: ১৫,০০০ টাকা। ফুড অ্যান্ড বেভারেজ, ৪ মাসের প্রশিক্ষণ। ফি: ১২,০০০ টাকা। ঠিকানা: সেগুন বাগান, অর্পিতা লজ, তৃতীয় তল, ধরমপুর, জি টি রোড, চুঁচুড়া, হুগলি-৭১২ ১০১। ফোন: ৮১০০৭-৬৫৪৭৫।

**বারুইপুর কেন্দ্র:** ব্রাইডাল মেকআপ আর্টিস্ট, ৩ মাস ২০ দিনের প্রশিক্ষণ। ফি: ১৫,৫০০ টাকা। ফুড অ্যান্ড বেভারেজ, ৪ মাসের প্রশিক্ষণ। ফি: ১২,০০০ টাকা। ঠিকানা: বারুইপুর মদারাট রোড, কলকাতা-৭০০ ১৪৪।

প্রতিষ্ঠান থেকে জানানো হয়েছে, কিস্তিতে ফি পরিশোধ করা যাবে।

সবকটি কেন্দ্রেই ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। আগ্রহীরা পছন্দের প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য সংশ্লিষ্ট কেন্দ্রে যোগাযোগ করতে পারেন এখনই। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৭৯৮০১-৯১৪৩৫।

# গুয়াহাটি এইমসে ডাক্তার

*প্রথম পাতার পর*

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৩।

**শিক্ষাগত যোগ্যতা:** মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এম বি বি এস ডিগ্রি-সহ ১ বছরের কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। পাশাপাশি, ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে।

**শুরুতে বেতন:** ৫৬,১০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsguwahati.ac.in দরখাস্তের নির্দিষ্ট স্থানে একটি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন।

ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি ও আর্থিক ভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ১,২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় গুয়াহাটি এইমসের অনুকূলে ফি জমা দেওয়া যাবে এই অ্যাকাউন্ট নম্বরে: 40132694932 (IFSC Code : SBIN0007700, Bank name with Branch : SBI, GMC Branch.

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ১৮৬ স্টাফ নার্স

*প্রথম পাতার পর*

খেলোয়াড় ১০, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১৫।

**শিক্ষাগত যোগ্যতা:** ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ করে থাকতে হবে। বি এসসি নার্সিং কোর্স পাশ করে থাকলেও আবেদন করা যাবে। প্রার্থীকে বাংলা ভাষায় দক্ষ হতে হবে এবং ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ১-১-২০২২ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ২৫,০০০ টাকা।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের তারিখ এখনও জানানো হয়নি।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.kmcgov.in পূরণ করবেন যথাযথ ভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ পাসপোর্ট মাপের এক কপি ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে তার উপর সই করে দেবেন।
- ✓ বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ স্থায়ী বাসস্থানের ঠিকানা-সহ সচিত্র পরিচয়পত্র হিসেবে পাসপোর্ট বা ভোটার কার্ড বা আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

দরখাস্ত-ভরা খামের উপর লিখবেন: Chief Municipal Health Officer/ Secretary, Kolkata City NUHM Society, Kolkata Municipal Corporation, CMO Bldg, 5, S.N. Banerjee Road, Kolkata-700013.

২৬ সেপ্টেম্বরের মধ্যে যথাযথ ভাবে পূরণ করা দরখাস্ত উপরোক্ত ঠিকানার ২৫৪ নম্বর (তৃতীয় তল) ঘরের সামনে রাখা ড্রপবক্সে জমা করে আসতে হবে। সোম থেকে শুক্রবার সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে এবং শনিবার সকাল ১১টা থেকে দুপুর ২টোর মধ্যে দরখাস্ত জমা দেওয়া যাবে। ডাকে দরখাস্ত জমা দেওয়া যাবে না। পূরণ করা দরখাস্ত নির্ধারিত তারিখের মধ্যে পি ডি এফ ফর্ম্যাটে মেল-ও করতে পারেন এই ই-মেল আই ডি-তে: application.kol.nuhm@gmail.com

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে ৩২৭ ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

মেম্বারশিপ এক্সামিনেশন (পার্ট-টু, পার্ট-থ্রি/সেকশন 'এ', 'বি') পাশ।

**বয়স:** ১-১-২০২৩ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৩ থেকে ১-১-২০০২-এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রিলিমিনারি পরীক্ষা ১৯ ফেব্রুয়ারি। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

লিখিত পরীক্ষা হবে দু'টি পর্যায়ে। স্টেজ ওয়ানের পেপার-ওয়ানে থাকবে জেনারেল স্টাডিজ ও ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউড এবং পেপার-টুয়ে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট ডিসিপ্লিন-সংক্রান্ত প্রশ্ন। অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। পেপার-ওয়ানের মোট নম্বর ২০০ (সময় ২ ঘণ্টা), পেপার-টুয়ের মোট নম্বর ৩০০ (সময় ৩ ঘণ্টা)। স্টেজ টুয়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে কনভেনশনাল প্রশ্ন হবে দু'টি পত্রে। প্রতি পত্রের নম্বর ৩০০, সময় ৩ ঘণ্টা করে। অর্থাৎ লিখিত পরীক্ষার মোট নম্বর ১,১০০। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তৃতীয় পর্যায়ে পার্সোন্যালিটি টেস্ট হবে ২০০ নম্বরের। এই নিয়োগের এক্সামিনেশন নোটিস নম্বর: 01/2023-ENGG.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in

৪ অক্টোবর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। ১২ থেকে ১৮ অক্টোবরের মধ্যে দরখাস্ত প্রত্যাহার করা যাবে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং কালো কালির সই (উভয়ই জে পি জি ফর্ম্যাটে, ২০-৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। অনলাইনে স্টেট ব্যাঙ্কের নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইউ পি আইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অথবা অফলাইনে পে-ইন-স্লিপের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে। অফলাইনের ক্ষেত্রে পার্ট-টু রেজিস্ট্রেশনের সময় ফি জমা দিতে হবে পে-ইন-স্লিপের প্রিন্ট আউট নেওয়ার পরের কাজের দিনে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৩ অক্টোবর। তফসিলি, মহিলা ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: (০১১) ২৩৩৮-১১২৫/৫২৭১, ২৩০৯-৮৫৪৩।

## *গত সংখ্যায় প্রকাশিত 'ওয়েস্টার্ন ন্যাভাল কমান্ডে চাকরি': দরখাস্তের বয়ান*

APPLICATION FOR THE POST OF _______ Category ____

Affix recent passport size (4.5 X 3.5 cm) photograph self attested (not older than 6 months)

1. Name of Candidate (To be filled in Capital Letters Only)
2. Father's Name:
3. Date of Birth D D M M Y Y Y Y
4. Age as on closing date of application: Years___ Months ___ Days___
5. Permanent Address
   Line 1
   Line 2 PIN CODE
   Line 3 TELEPHONE
   State___
6. Address for correspondence
   Line 1
   Line 2
   Line 3
   State___
   Mobile No. ___
   E-mail ID ___
7. Aadhar Card No.: ___
8. Are you a Government Employee Yes / No
9. Whether Ex-Serviceman (ESM) Yes / No
   Length of Service in Armed Forces (in years: ___
   Have you already joined a civil post by availing benefit of reservation for Ex-Serviceman, if yes provide details thereof ___
10. Whether PwBD: Yes / No
11. Caste / Category tick (Please (✓) in appropriate box (attach certificate)
    UR SC ST OBC EWS
12. Whether seeking Age Relaxation: Yes / No
13. Nationality: ___
14. Gender: (Please tick (✓) in appropriate box
    Male Female Transgender
15. Marital Status: Single / Married / Divorced / Separated___
16. Religion: ___
17. Educational qualification (Matriculation onwards) (attach certificate):

| Qualification | University/ Board | Year of Passing | Total Marks Secured | Percentage of Marks | Div/Class |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

18. Date of obtaining license for driving heavy vehicle {applicable for CMD (OG)}

| Qualification | Date of issue | License No. | Issuing Authority | Valid upto |
|---|---|---|---|---|
| | | | | |

19. Date of obtaining license for driving motor cycle {applicable for CMD (OG)}

| Qualification | Date of issue | License No. | Issuing Authority | Valid upto |
|---|---|---|---|---|
| | | | | |

Attach copies of Driving License (DL). Also attach genuineness certificate obtained from concerned RTO if Driving License (DL) not reflected the date of issue of Heavy Motor Vehicle or Motor Cycle.

20. Experience (attach certificates)

| Post held & Pay Scale | Office Institute | Period of Service From | Period of Service To | Total period in Years & Months | Nature of Duties |
|---|---|---|---|---|---|
| | | | | | |

21. Identification mark (please write in the box)

### DECLARATION

(a) I hereby declare that the statements made in the application are true, complete and correct to the best of my knowledge and belief. I have not suppressed any information. I understand and agree that in the event of any information being found false or incorrect or incomplete or ineligibility being detected at any time before or after selection, my candidature is liable to be rejected. I shall be bound by the decision of the competent authority.

(b) I have ensured that, I fulfill eligibility criteria for the post applied for.

Date:- ______ (Left hand Thumb Impression) (Candidate's namre & signature)

Place: ______


Enclosures:-

1) ______ 2) ______ 3) ______
4) ______ 5) ______ 6) ______

#EDUCATIONBEYONDORDINARY

**37** INSTITUTIONS | **170** PROGRAMMES | **39000+** STUDENTS

JIS GROUP
Educational Initiatives



# THERE'S ONE FOR EVERYONE

**DIVERSE CURRICULUM FROM JIS GROUP GEAR UP FOR YOUR ACADEMIC JOURNEY**

# ADMISSIONS OPEN 2022

**Accreditations, Affiliations & Approvals**

UGC | AICTE | MAKAUT (Formerly, WBUT) | NIRF | NAAC | NBA

APPLY NOW
**www.jisgroup.org**

**90733 70470**
**93309 06153**

## COURSES OFFERED

**ALLIED SCIENCE**
MMLT I BMLT

**MANAGEMENT**
BBA in Hospital Management

**SCIENCE**
**M.Sc**
Biochemistry
Microbiology
**B.Sc (H)**
Biotechnology
Microbiology

**AGRICULTURAL SCIENCE**
B.Tech (4 Years)
B.Sc (H) (4 Years) [As per ICAR Syllabus]

## OUR INSTITUTIONS

**JIS UNIVERSITY**
86977 43361/62 I www.jisuniversity.ac.in

**JIS COLLEGE OF ENGINEERING**
86977 43363 | www.jiscollege.ac.in

**NARULA INSTITUTE OF TECHNOLOGY**
89024 96651 I www.nit.ac.in

**GURU NANAK INSTITUTE OF PHARMACEUTICAL SCIENCE & TECHNOLOGY**
89024 96653 | www.gnipst.ac.in

**ASANSOL ENGINEERING COLLEGE**
90736 83912 I www.aecwb.edu.in

2022 HIGHEST PACKAGE ₹27 LAKHS

SCAN ME

**WEST BENGAL STUDENT CREDIT CARD SCHEME AVAILABLE**

nirf
Rankings by MHRD, Govt. of India

**NIT & GNIPST** have retained their **NIRF Rankings** for the last 6 consecutive years (2017-2022) in Engineering & Pharmacy respectively.


**JISCE** has received **NIRF Ranking** for the 3rd consecutive year (2020, 2021 & 2022) in Engineering.

**GNIT** has received the **NIRF Ranking** for the 2nd time (2021 & 2022) in Engineering.

NAAC
NATIONAL ASSESSMENT & ACCREDITATION COUNCIL
GRADE "A"

**JISCE** being the 1st institute under JIS Group to receive **NAAC Grade "A"** for the 3rd consecutive cycle.

**NIT** has escalated its momentum & have received **NAAC Grade "A"** Accreditation for the 2nd cycle.




SCHOLARSHIP AVAILABLE*
*T&C APPLY

7 Sarat Bose Road, Kolkata - 700 020

# গ্র্যাজুয়েট যোগ্যতায় কেন্দ্রীয় সরকারে ২০০০০ অফিসার, অ্যাসিস্ট্যান্ট ও ক্লার্ক

*প্রথম পাতার পর*

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি) বিবিধ মন্ত্রক, দপ্তর ও প্রতিষ্ঠানে অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার, ইনস্পেক্টর-সেন্ট্রাল এক্সাইজ, ইনস্পেক্টর-প্রিভেন্টিভ অফিসার ও ইনস্পেক্টর-এক্সামিনার (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার (ডিরেক্টরেট অব এনফোর্সমেন্ট, রেভেনিউ), সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশন), ইনস্পেক্টর-পোস্টস (ডিপার্টমেন্ট অব পোস্টস), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), অ্যাসিস্ট্যান্ট (বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রক ও বিভাগে), ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), সাব-ইনস্পেক্টর (ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি), সাব-ইনস্পেক্টর/জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার (নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরো), জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন)। গ্রুপ 'সি'— ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডিরেক্ট ট্যাক্সেস), অডিটর (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), অডিটর (কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স অ্যাকাউন্টসের অধীনস্থ অফিসে), অন্যান্য মন্ত্রক ও দপ্তরে অডিটর, অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), অ্যাকাউন্ট্যান্ট/জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট (অন্যান্য মন্ত্রক ও দপ্তরে), আপার ডিভিশন ক্লার্ক (সি এ সি এস ক্যাডার ব্যতীত বিভিন্ন কেন্দ্রীয় সরকারি অফিসে), ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস, সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), সাব ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), সিনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট (মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস), পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/সর্টিং অ্যাসিস্ট্যান্ট (ভারতীয় ডাক বিভাগ)।

দৈহিক প্রতিবন্ধীরা অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (আই বি ও সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার (ডিরেক্টোরেট অব এনফোর্সমেন্ট, রেভেনিউ), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (এ এফ এইচ কিউ), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন), সাব-ইনস্পেক্টর (সি বি আই এবং এন আই এ), সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), অডিটর (কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স অ্যাকাউন্টসের অধীনস্থ অফিস) পদে বিবেচিত হবেন না।

**শিক্ষাগত যোগ্যতা:** অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার এবং অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে স্নাতক। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি যোগ্যতা থাকলে অগ্রাধিকার: চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট, কোম্পানি সেক্রেটারি, এম কম, বিজনেস স্টাডিজ বা বিজনেস ইকনমিক্সে স্নাতকোত্তর ডিগ্রি, এম বি এ (ফিনান্স)।

জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে যে-কোনও বিষয়ে স্নাতক। উচ্চমাধ্যমিকে অঙ্কে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে অথবা স্নাতকে অন্যতম বিষয় হিসেবে স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে।

অন্যান্য সবক'টি পদের ক্ষেত্রে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট।

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, এয়ারফোর্স হেডকোয়ার্টার্স এবং মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স) এবং অ্যাসিস্ট্যান্ট (সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিস), অ্যাসিস্ট্যান্ট (জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া ও ইন্ডিয়ান মেটিওরোলজিক্যাল বিভাগ), ইনস্পেক্টর (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস, সি জি এস টি অ্যান্ড সেন্ট্রাল এক্সাইজ) এবং পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/সর্টিং অ্যাসিস্ট্যান্ট (ভারতীয় ডাক বিভাগ) পদের ক্ষেত্রে অতিরিক্ত কম্পিউটারের দক্ষতা থাকতে হবে।

ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে ৮ অক্টোবরের মধ্যে ফাইনাল রেজাল্ট হাতে পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-১-২০২২ তারিখে গ্রুপ সি ক্যাটেগরিতে: ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস) পদের ক্ষেত্রে ৩০ বছর এবং বাকি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

গ্রুপ বি ক্যাটেগরিতে: ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টসে অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার, ইন্টেলিজেন্স ব্যুরো-সহ বিভিন্ন দপ্তর ও মন্ত্রকের অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার, অ্যাসিস্ট্যান্ট, ইনস্পেক্টর (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস, ভারতীয় ডাক বিভাগ, সেন্ট্রাল ব্যুরো অন নার্কোটিক্স), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার, ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট, সাব ইনস্পেক্টর (এন আই এ) এবং সাব-ইনস্পেক্টর/জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার (নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরো) পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে, অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, মিনিস্ট্রি অব রেলওয়ে, মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স, এয়ারফোর্স হেডকোয়ার্টার্স), সাব-ইনস্পেক্টর (সি বি আই) পদের ক্ষেত্রে ২০ থেকে ৩০ বছরের মধ্যে, জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন) পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে হতে হবে।

বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ (তফসিলি প্রতিবন্ধীরা ১৫, ও বি সি প্রতিবন্ধীরা ১৩) বছরের ছাড় পাবেন। গ্রুপ 'সি' পদগুলির ক্ষেত্রে বিধবা, আইনত স্বামীবিচ্ছিন্ন ও বিবাহবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে ৩৫ বছর (তফসিলিদের ক্ষেত্রে ৪০ বছর) বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে: উচ্চতা ১৫৭.৫ সেমি (তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি), বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি। **মহিলাদের ক্ষেত্রে:** উচ্চতা ১৫২ সেমি। ওজন অন্তত ৪৮ কেজি। আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ২.৫ সেমি এবং ওজনে ২ কেজি ছাড় পাবেন।

সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে উচ্চতা ১৬৫ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি। উভয় ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের ছেলেদের ক্ষেত্রে উচ্চতা: ১৭০ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫০ সেমি। উভয় ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরোতে সাব-ইনস্পেক্টর ও জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার পদে ছেলেদের ক্ষেত্রে উচ্চতা: ১৬৫ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেমি। উভয় ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

বর্ডার রোডস অর্গানাইজেশনের জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে আপার ডিভিশন ক্লার্ক পদে নিয়োগের ক্ষেত্রে: উচ্চতা ১৫৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ ও ৮০ সেমি। ওজন অন্তত ৫০ কেজি। রাজ্যের কালিম্পং ও দার্জিলিং জেলায় বসবাসকারী প্রার্থী এবং গোর্খা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। ওজন অন্তত ৪৭.৫ কেজি।

**দৃষ্টিশক্তি:** সি বি আইয়ের সাব-ইনস্পেক্টর এবং ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে এক চোখে ০.৬ এবং অন্য চোখে ০.৮। বর্ডার রোডস অর্গানাইজেশনে আপার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে চশমা ছাড়া বা চশমা-সহ দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/১২ অথবা ডান চোখে ৬/৬, বাঁ-চোখে ৬/২৪। সংশোধিত দৃষ্টিশক্তির ক্ষেত্রে চশমা-ছাড়া উভয় চোখে ৬/৬০।

**বেতনক্রম:** গ্রুপ 'বি'-র অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার এবং অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের ক্ষেত্রে ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা, ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট, সাব-ইনস্পেক্টর (এন আই এ), সাব-ইনস্পেক্টর জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার (এম এইচ এ), জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার এবং বিভিন্ন মন্ত্রক, দপ্তর ও প্রতিষ্ঠানে অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা, গ্রুপ-'বি'-এর বাকি পদের ক্ষেত্রে ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। গ্রুপ-সি-র ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স পদের ক্ষেত্রে ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। গ্রুপ 'সি'-র অডিটর, অ্যাকাউন্ট্যান্ট এবং অ্যাকাউন্ট্যান্ট/জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৯,২০০-৯২,৩০০ টাকা। গ্রুপ 'সি'-র বাকি পদগুলির ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা।

পরীক্ষা হবে পশ্চিমবঙ্গের এইসব কেন্দ্রে (ব্র্যাকেটে সেন্টার কোড নম্বর): কলকাতা (৪৪১০), আসানসোল (৪৪১৭), বর্ধমান (৪৪০৪), দুর্গাপুর (৪৪২৬), কল্যাণী (৪৪১৯), শিলিগুড়ি (৪৪১৫)।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১)-এ প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ কম্প্রিহেনশন। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময় ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষা হবে ডিসেম্বরে।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-২)-এ অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ম্যাথমেটিক্যাল এবিলিটিজ, রিজনিং, জেনারেল ইন্টেলিজেন্স, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন, জেনারেল অ্যাওয়্যারনেস। এছাড়াও থাকবে কম্পিউটার নলেজ ও ডেটা এন্ট্রি স্পিড টেস্ট। জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে সেইসঙ্গে স্ট্যাটিস্টিক্স এবং অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসারের ক্ষেত্রে অতিরিক্ত জেনারেল স্টাডিজ (ফিনান্স ও ইকনমিক্স) বিষয়ে প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল এক্সাইজ অ্যান্ড ইনকাম ট্যাক্স ও সেন্ট্রাল বোর্ড অব ডিরেক্ট ট্যাক্সেশন) এবং আপার ডিভিশন ক্লার্ক (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স) পদের ক্ষেত্রে ডেটা এন্ট্রি স্পিড টেস্ট হবে। প্রার্থীর ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, এয়ারফোর্স হেডকোয়ার্টার্স এবং মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স) এবং অ্যাসিস্ট্যান্ট (সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিস), অ্যাসিস্ট্যান্ট (জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া ও ইন্ডিয়ান মেটিওরোলজিক্যাল বিভাগ), ইনস্পেক্টর (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস, সি জি এস টি অ্যান্ড সেন্ট্রাল এক্সাইজ) এবং পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/সর্টিং অ্যাসিস্ট্যান্ট (ভারতীয় ডাক বিভাগ) পদের ক্ষেত্রে নেওয়া হবে কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট।

ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদে নিয়োগের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের ক্ষেত্রে ১৫ মিনিটে ১.৬ কিলোমিটার হাঁটা এবং ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং (মহিলাদের ক্ষেত্রে ২০ মিনিটে ১ কিলোমিটার হাঁটা এবং ২৫ মিনিটে ৩ কিলোমিটার সাইক্লিং)।

বর্ডার রোডস অর্গানাইজেশনের জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে আপার ডিভিশন ক্লার্ক পদে নিয়োগের ক্ষেত্রে থাকবে ১০ মিনিটে ১ মাইল দৌড়।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ৮ অক্টোবর পর্যন্ত অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (জে পি জি ফর্ম্যাটে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। ১৭-৯-২০২২ তারিখ অনুসারে তিন মাসের বেশি পুরনো ফটো চলবে না। ফটোটি যে-তারিখে তোলা সেটি ফটোতে প্রিন্টেড থাকতে হবে। অনলাইন দরখাস্তের সময় রেজিস্ট্রেশন আই ডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। চালানের মাধ্যমে নগদে ফি জমা দিতে পারেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। অথবা অনলাইনে ভীম ইউ পি আই বা এস বি আই নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার কার্ড বা মায়েস্ত্রো বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমেও ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৯ অক্টোবর। চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ১০ অক্টোবর পর্যন্ত। সে ক্ষেত্রে চালান ডাউনলোড করতে হবে ৮ অক্টোবরের মধ্যে। অনলাইনে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদন সংশোধন করা যাবে ১২ অক্টোবর ও ১৩ অক্টোবর।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# মাজাগন ডকে ১০২৫

*তিনের পাতার পর*

বি সি ৩৮, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**স্ট্রাকচারাল ফেব্রিকেটর:** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৪, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: স্ট্রাকচারাল ফিটার বা ফেব্রিকেটর ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ইউটিলিটি হ্যান্ড (স্কিল্ড):** ২১টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১২)। শিক্ষাগত যোগ্যতা: ফিটার বা যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ, সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট পদে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**জুনিয়র কোয়ালিটি কন্ট্রোল ইনস্পেক্টর (মেকানিক্যাল):** ১০টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা শিপবিল্ডিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা অথবা স্বীকৃত টেকনিক্যাল বোর্ড আয়োজিত মেরিন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

**জুনিয়র কোয়ালিটি কন্ট্রোল ইনস্পেক্টর (ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স):** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা পাওয়ার বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা অ্যালায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা সমতুল বিষয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে ডিপ্লোমা অথবা স্বীকৃত টেকনিক্যাল বোর্ড আয়োজিত মেরিন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

**জুনিয়র ড্রাফটসম্যান (মেকানিক্যাল):** ৩২টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল শাখায় ড্রাফটসম্যান ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে।

**প্ল্যানার এস্টিমেটর (মেকানিক্যাল):** ৩১টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা শিপবিল্ডিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা ডিগ্রি অথবা স্বীকৃত টেকনিক্যাল বোর্ড আয়োজিত মেরিন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**প্ল্যানার এস্টিমেটর (ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স):** ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা বা ডিগ্রি অথবা স্বীকৃত টেকনিক্যাল বোর্ড আয়োজিত মেরিন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**রিগার:** ৭৫টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩৫, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে।

**সেফটি ইনস্পেক্টর:** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, সিভিল এবং প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে ডিপ্লোমা। সেন্ট্রাল লেবর ইনস্টিটিউট বা ন্যাশনাল সেফটি কাউন্সিল কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সেফটি, হেলথ অ্যান্ড এনভায়রনমেন্টে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকলে, বা কোনও সংস্থায় এইচ এস ই বিভাগে কাজের অভিজ্ঞতা থাকলে, বা এ ডি আই এস কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার।

**স্টোর্স কিপার:** ১৩টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স শিপবিল্ডিং অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন, কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে ডিপ্লোমা। মেটেরিয়াল ম্যানেজমেন্ট এবং কম্পিউটারের জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**সেমি স্কিল্ড-১ (আই ডি-টু): মেরিন ইনসুলেটর:** ৫০টি (সাধারণ ২৩, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থার সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ইউটিলিটি হ্যান্ড (সেমি-স্কিল্ড):** ৭০টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৭, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ, সঙ্গে কোনও শিপবিল্ডিং সংস্থায় সংশ্লিষ্ট পদে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**সিকিউরিটি সেপাই:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা ইন্ডিয়ান আর্মি ক্লাস-ওয়ান বা নেভি বা এয়ারফোর্সে সমতুল পরীক্ষায় পাশ করে থাকতে হবে। এর পাশাপাশি সশস্ত্র বাহিনীতে অন্তত ১৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট কাজের বিষয়ে ধ্যানধারণা থাকলে ও বৈধ কমার্শিয়াল ড্রাইভিং লাইসেন্স থাকলে অগ্রাধিকার।

**সেমি স্কিল্ড-৩ (আই ডি-ফোর এ): লঞ্চ ডেক ক্রু:** ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক-সহ জেনারেল পারপাস রেটিং কোর্স পাশ। পাশাপাশি, টাগ বোট বা লঞ্চ বা ভেসেলে (২২৬ বি এইচ পি বা তার অধিক) ক্রু পদে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। জেনারেল পারপাস রেটিং কোর্স না করে থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে টাগ বোট বা লঞ্চ বা ভেসেলে (২২৬ বি এইচ পি বা তার অধিক) ক্রু পদে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। উভয় ক্ষেত্রেই সাঁতার জানা বাধ্যতামূলক।

মোট শূন্যপদের মধ্যে ১১টি করে শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও চলাফেরায় অসুবিধা এমন প্রার্থী এবং ১০টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং বৌদ্ধিক প্রতিবন্ধী ও একাধিক প্রতিবন্ধকতা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত। তাঁরা

*এরপর আটের পাতায়*


croma | A TATA Enterprise
croma
স্বাগত
পুজোয় মেতে উঠুন!
অনেক প্রোডাক্ট | বিশেষজ্ঞদের পরামর্শ | সারাজীবনের সুনিশ্চয়তা
450+ রেফ্রিজারেটর্স
400+ স্মার্টফোন
350+ এসি
330+ এলইডি টিভি
300+ ওয়াশিং মেশিন
300+ ল্যাপটপ এবং আরও অনেক কিছু
*নিয়ম এবং শর্তাবলি প্রযোজ্য
croma stores | croma.com | TATA NEU
Now Open at Acropolis Mall & Jessore Road, Bangur
Rajarhat | Chinarpark | Barasat | Sec V, Salt Lake | Kalikapur | Sarat Bose Road

